

ভুট্টাগাছের কাণ্ড থেকে বায়োডিজেল

প্রদীপ চক্রবর্তী: ভুট্টাগাছের কাণ্ড থেকে বায়োডিজেল তৈরি হবে, কারণ এই গাছের কাণ্ডে শর্করার পরিমাণ বেশি আছে, ঠিক এই কারণেই ছগলি জেলার তারকেশ্বর, হরিপাল, চণ্ডীতলা ১-২, শ্রীরামপুর, উত্তরপাড়া ব্লকে ব্যাপক হারে ভুট্টা চাষ হচ্ছে। লাভজনক এই চাষ অনেকটাই চাষিদের অর্থনৈতিক ঘাটতি মেটানোর সহায়ক হবে। এছাড়াও প্রি খরিপ, খরিপ, রবিশস্য তিনটি মরশুমেই ভুট্টাচাষ করা যায় ছগলি জেলাতে। আলু চাষের পর যদি ভুট্টা চাষ করা হয় ওই জমিতে তাহলে বেশি খাটতে হয় না।

ভুট্টা চাষের জন্য জমিতে (বিঘা প্রতি) দু-বার চাষ দিতে হবে। সেক্ষেত্রে ভুট্টা গাছের চারাকে লাইনে তৈরি করতে হবে। গাছ থেকে গাছের দূরত্ব ২০ সেমি। লাইন থেকে লাইনের দূরত্ব ৬০ সেমি। বীজের দাম এখন ৩০০ টাকা প্রতি কেজি যা বিগত বছরের থেকে সামান্য বেড়েছে। তবে অবশ্যই বীজ শোধন করে নিতে হবে। কৃষি দপ্তর সূত্রে বলা হয়েছে হাই কোয়ালিটি প্রোটিন মেজ কৃষি দপ্তর থেকে চাষিদের সরবরাহ করা হয়েছে। তবে বর্ষার আগে ভুট্টা গাছে মাজরাপোকা, উইপোকা, পাতামোড়াপোকাকার উপদ্রব হয়। সেক্ষেত্রে কীটনাশক ব্যবহার করা যেতে পারে। পাতামোড়াপোকাকার ক্ষেত্রে এক লিটার জলে .৭৫ গ্রাম অ্যাসিড গুলে দেওয়া যেতে পারে। শুঁয়াপোকা আটকাতে ডায়োমিথেড দেওয়া যেতে পারে। সি ফোর প্ল্যান্ট হিসাবে চাষ করলে ভুট্টার ফলন।